



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

### ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের তথ্যাদি জমাসংক্রান্ত সংশোধিত বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং-ক/নি/৬১০ (৬০০)

তারিখঃ ১৬-০৮-২০১৭ খ্রি.

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর এর আওতাভুক্ত উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/কলেজ সমূহের অধ্যক্ষ/ ভারপ্রাপ্ত অধ্যক্ষকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের ৮/৮/২০১৭ খ্রি. তারিখে অত্র বোর্ডের ওয়েব সাইটে প্রকাশিত বিজ্ঞপ্তির আলোকে গ্রুপ পরিবর্তন কাজ সম্পন্ন হবার পর এবং ১২/৮/২০১৭ খ্রি. তারিখে অত্র বোর্ডের ওয়েব সাইটে প্রকাশিত বিজ্ঞপ্তির আলোকে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে সর্বশেষ পর্যায়ের শিক্ষার্থীদের (যে সকল শিক্ষার্থী এখনও ভর্তি হতে পারেনি) ভর্তিকার্যক্রম সম্পন্ন হবার পর ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের নিম্নবর্ণিত তথ্যাদি আগামী ১৪/০৯/২০১৭ খ্রি. তারিখের মধ্যে কলেজ পরিদর্শকের দপ্তরে জমা দেয়ার জন্যে অনুরোধ করা হ'ল।

ইতোমধ্যে যে সকল কলেজ ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের ০৮-০৮-২০১৭ খ্রি. তারিখের বিজ্ঞপ্তি নং-ক/নি/৫৯৯ (৬০০) এর নির্দেশনানুযায়ী ফিস, টটলিষ্ট ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট অত্র দপ্তরে জমা দিয়েছেন তাঁদের কলেজের কোন শিক্ষার্থীর গ্রুপ পরিবর্তন অথবা সর্বশেষ পর্যায়ের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে শিক্ষার্থীদের ভর্তির কার্যক্রম থাকলে তা সম্পন্ন হবার পর শুধুমাত্র সংশ্লিষ্ট শিক্ষার্থীদের তথ্যাদি আগামী ১৪/০৯/২০১৭ খ্রি. তারিখের মধ্যে কলেজ পরিদর্শকের দপ্তরে জমা দেয়ার জন্যে নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

- ১। প্রতি শিক্ষা প্রতিষ্ঠানকে বার্ষিক ত্রিভূজী ফি বাবদ ২০০/- (দুই শত) টাকা জমা দিতে হবে;
- ২। কোন শিক্ষার্থীর পাঠ বিরতি থাকলে শিক্ষার্থী প্রতি ১০০/- (একশত টাকা) করে পাঠ বিরতি ফি জমা দিতে হবে; (ফিসের অর্থ সোনালী সেবার মাধ্যমে বোর্ডের নিবন্ধন খাতে জমা দিতে হবে)।
- ৩। নিশাচয়নকৃত শিক্ষার্থীদের ১ (এক) কপি প্রিন্ট আউট কপি ও ২ (দুই) কপি টট লিষ্ট জমা দিতে হবে;

#### টটলিষ্ট (ভর্তি তালিকা) এর নির্ধারিত নমুনা ছক

ক্রমিক নং	শিক্ষার্থীর নাম, পিতা ও মাতার নাম ( ইংরেজি ও বাংলায়)	ভর্তির তারিখ ও শ্রেণী রোল নম্বর	এস,এস,সি/সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন নং ও শিক্ষাবর্ষ	এস,এস,সি/সমমান পরীক্ষার রোল নং কেন্দ্র ও বোর্ডের নাম	একাদশ শ্রেণিতে গৃহীত বিভাগ ও বিষয়( কোড নং সহ)
১	২	৩	৪	৫	৬

টটলিষ্টের সংঙ্গে নিম্নে উল্লেখিত তথ্যাদির একটি তালিকা প্রনয়ণ করে বোর্ডে জমা দিতে হবে। (বোর্ড প্রদত্ত প্রামাণ্য কাগজ পত্রের সত্যায়িত ফটোকপি সংযোজন করতে হবে)।

- ক) প্রাথমিক অনুমতির তারিখ স্মারক নং ও শিক্ষাবর্ষ ;
  - খ) প্রথম স্বীকৃতির তারিখ, স্মারক নং ও সময়সীমা ;
  - গ) সর্বশেষ স্বীকৃতির মেয়াদ, স্মারক নং ও তারিখ;
  - ঘ) সর্বশেষ কমিটির মেয়াদ স্মারক নং ও তারিখ এবং বোর্ড কর্তৃক অনুমোদিত শাখা ও শাখাওয়ারী বিষয় সমূহ;
- ৪। একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা দান:

মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর উল্টো পৃষ্ঠায় কলেজের সীল দিতে হবে। সীলের মধ্যে কলেজের নাম, জেলা, শিক্ষাবর্ষ, শ্রেণী রোল, বিভাগ, একাদশ শ্রেণিতে ভর্তির তারিখ উল্লেখ করতে হবে। মানবিক, বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা শাখায় ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট শাখাওয়ারী পৃথক পৃথক প্যাকেট করে সকল প্যাকেট (তিনটি) একত্রে বেঁধে একটি প্যাকেট করতে হবে। প্যাকেটের উপরে কলেজের নাম, ঠিকানা, কলেজ কোড ও শাখাওয়ারী একাডেমিক ট্রান্সক্রিপ্ট/মার্কশীটের সংখ্যা উল্লেখ করে একটি লেবেল (ইংরেজী বড় অক্ষরে) লাগাতে হবে এবং অনুরূপ আর একটি লেবেল প্যাকেটের ভিতর দিতে হবে।

একাডেমিক ষ্ট্রাকচার নিম্নবর্ণিত তথ্য মোতাবেক জমা দিতে হবে।

প্রতিষ্ঠানের নাম :  
জেলা নাম :  
কলেজ কোড :  
শিক্ষার্থীর ধরণ :

EIIN:

শাখা	বরাদ্দকৃত আসন সংখ্যা	ভর্তিকৃত শিক্ষার্থীর সংখ্যা	ষ্ট্রাকচার সংখ্যা
বিজ্ঞান			
মানবিক			
ব্যাবসায় শিক্ষা			
অন্যান্য (উল্লেখ করুন)			
		সর্বমোট ষ্ট্রাকচার	

  
১২/১/১৯  
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর



পৃঃ নং-০২/০২